

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ১১৯. ২০১৫- ২৬৬

তারিখঃ ২০৭৭১৩

বিষয়ঃ রীট পিটিশন নং-২৯৭৯/২০১৫ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ১২-০১-২০১৬খ্রিঃ তারিখের ৫৯ সংখ্যক আরক।

গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা চেয়ারম্যান জনাব ফারুক কবীর আহমদকে সাময়িক বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ২৯৭৯/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ১২-০৪-২০১৫খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকেট করার ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের উপজেলা-১ শাখার চাহিদা মোতাবেক বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। এতদ্বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অদ্যাবধি কিছু জানা যায়নি। উক্ত মামলার প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে লিভ-টু-আপীল দায়েরের জন্য সূত্রোক্ত আরকে আইন-১ অধিশাখাকে পূরণায় অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করে সরকার পক্ষে উচ্চ আদালতে লিভ-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেটকরণ, মামলার দফাওয়ারী জবাব দাখিলের মাধ্যমে মামলাটি নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

১২.২০.১৫
(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
১৫৪০৯৯৫

জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অন্তর্বিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।